



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৫৫.১৪-১৪২


তারিখঃ ২৩/০২/২০২২খ্রিঃ।

বিষয় : মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে কর্মসূচি গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-২৭৩ তারিখঃ ১৬.০২.২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৬.০২.২০২২ তারিখের ২৭৩ নং স্মারকের নির্দেশনা মোতাবেক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ৩(তিন) ফর্দ।


(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক (সকল)

..... পৌরসভা

জেলাঃ.....।

অনুলিপি :-

- ১। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। একান্ত সচিব, সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
- ৪। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
সুবর্ণজয়ন্তী সেল
www.molwa.gov.bd



স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৩

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৮

১৬ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে কর্মসূচী গ্রহণ সংক্রান্ত।
বাঙ্গালী জাতির সর্বশ্রেষ্ঠ অর্জন মহান স্বাধীনতা। এ জাতির জাতিসত্তা রক্ষা, আর্থ-সামাজিক সাংস্কৃতিক ও রাজনৈতিক অস্তিত্ব পুনরুদ্ধারে এ দেশের আপামর জনসাধারণ ১৯৭১ সালের অগ্নিবরা মার্চে মহান মুক্তিযুদ্ধ শুরু করে। ত্রিশ লক্ষ শহীদের রক্ত, দুই লক্ষ নারীর সন্ত্রম এবং অগনিত মানুষের চরম আত্মত্যাগের মাধ্যমে অর্জিত হয় আমাদের স্বাধীনতা। স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে জাতীয়ভাবে সাড়ম্বরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করা হচ্ছে।

০২। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত এ বিষয়ে গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহিত ৫০টি কর্মসূচী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সানুগ্রহ অনুমোদিত হয়েছে। ৫০টি কর্মসূচীর মধ্যে ৪৪ নং কর্মসূচী অনুযায়ী স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত দেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে।

ক. দেশের প্রতিটি ওয়ার্ড, ইউনিয়ন, পৌরসভা এবং সিটি কর্পোরেশনে নিম্নে বর্ণিত সূচী অনুযায়ী মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে:

(ক) ইউনিয়ন পরিষদ সদস্য/ পৌর কাউন্সিলর/ওয়ার্ড কমিশনারের নেতৃত্বে দেশের সকল ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে অনুষ্ঠান	০১ মার্চ, ২০২২ খ্রি:
(খ) দেশের সকল ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে অনুষ্ঠান	০৩ মার্চ, ২০২২ খ্রি:
(গ) দেশের সকল সিটি কর্পোরেশনে অনুষ্ঠান	০৫ মার্চ, ২০২২ খ্রি:

খ. আবশ্যিকভাবে স্থানীয় বীর মুক্তিযোদ্ধাসহ সকল শ্রেণী-পেশার মানুষকে অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত করতে হবে।
গ. নির্ধারিত তারিখে মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও বীরত্বগীতা, “মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান” সম্পর্কে আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

ঘ. অনুষ্ঠানে বর্তমান সরকারের সাফল্য এবং উন্নয়নের তথ্যচিত্র তুলে ধরে ব্যাপক প্রচার করতে হবে।

ঙ. ইউনিয়ন এবং ইউনিয়ন সংশ্লিষ্ট ওয়ার্ড পর্যায়ের অনুষ্ঠান বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

- (ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা- সভাপতি
(খ) উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের প্রতিনিধি (বীর মুক্তিযোদ্ধা)- সদস্য
(গ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত প্রতিনিধি (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি)- সদস্য
(ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার – সদস্য
(ঙ) উপজেলা শিক্ষা অফিসার – সদস্য
(চ) উপজেলা নির্বাহী কর্মকর্তা মনোনীত ১জন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান – সদস্য
(ছ) উপজেলা প্রকৌশলী – সদস্য সচিব
(জ) সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যান প্রধান উপদেষ্টা হিসেবে থাকবেন।

কমিটির কার্যপরিধিঃ

(ক) ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের জন্য নির্ধারিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;

গ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

চ. পৌরসভা এবং পৌরসভা সংশ্লিষ্ট ওয়ার্ডের অনুষ্ঠান বাস্তবায়নের জন্য জেলা প্রশাসকের সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

(ক) জেলা প্রশাসক – সভাপতি

(খ) জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের প্রতিনিধি (বীর মুক্তিযোদ্ধা) – সদস্য

(গ) জেলা প্রশাসক এর প্রতিনিধি (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি) – সদস্য

(ঘ) জেলা শিক্ষা অফিসার – সদস্য

(ঙ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার – সদস্য

(চ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ মেয়র কর্তৃক মনোনীত ১জন উপযুক্ত প্রতিনিধি – সদস্য

(ছ) উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) এর প্রতিনিধি – সদস্য সচিব

(জ) সংশ্লিষ্ট সংসদ সদস্য প্রধান উপদেষ্টা, উপজেলা চেয়ারম্যান ও প্রযোজ্য ক্ষেত্রে মেয়র উপদেষ্টা হিসেবে থাকবেন।

কমিটির কার্যপরিধিঃ

(ক) পৌরসভা এবং পৌর ওয়ার্ড পর্যায়ের জন্য নির্ধারিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;

(খ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

ছ. সিটি কর্পোরেশন এবং তার ওয়ার্ডসমূহের অনুষ্ঠান বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

(ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন – সভাপতি

(খ) উপ-পরিচালক স্থানীয় সরকার (ডিডিএলজি), সংশ্লিষ্ট জেলা – সদস্য

(গ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন স্থানীয় গণ্যমান্য ব্যক্তি – সদস্য

(ঘ) জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের একজন প্রতিনিধি – সদস্য

(ঙ) সচিব, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন – সদস্য সচিব

(চ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র প্রধান উপদেষ্টা হিসেবে থাকবেন।

কমিটির কার্যপরিধিঃ

(ক) সিটি কর্পোরেশন এবং তার ওয়ার্ডসমূহের জন্য নির্ধারিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;

(খ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

জ. পিপিএ- ২০০৬ এবং পিপিআর- ২০০৮ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

ঝ. কোভিড-১৯ সম্পর্কিত সর্বশেষ সরকারি নির্দেশনা ও যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

ঞ. অনুষ্ঠান সম্পন্ন হওয়ার পর সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র জারী করা হলো।

১৬-২-২০২২

মোঃ আশরাফুল আলম খান

উপসচিব

বিতরণ :

১) প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন)

২) জেলা প্রশাসক (সকল)

৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৩/১(২৮)

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৮

দয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মাননীয় মেয়র (সকল সিটি কর্পোরেশন)
- ২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (কর্মসূচিটি বাস্তবায়নের জন্য মাঠ প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ৩) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (কর্মসূচিটি বাস্তবায়নে সহযোগিতা করার জন্য তাঁর নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ৪) জনাব তপন কান্তি ঘোষ, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও সদস্য সচিব, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি
- ৫) বিভাগীয় কমিশনার (সকল)
- ৬) উপজেলা চেয়ারম্যান, সকল উপজেলা পরিষদ
- ৭) মেয়র, সকল পৌরসভা
- ৮) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ১০) অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়



১৬-২-২০২২

মোঃ আশরাফুল আলম খান

উপসচিব